



হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

নিয়োগ বিজ্ঞপ্তি

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্র. নং	পদের নাম	বয়সসীমা	বেতন স্কেল	শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত)	২২/০৯/২০১৯খ্রিঃ তারিখে বয়স অনুর্ধ্ব ৩০ বছর, তবে মুক্তিযোদ্ধা কেটায় ৩২ বছর।	পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০/= হতে ৩২,৭৪০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা সিজিপিএ ন্যূনতম ২.২৫ (৪.০০ এর মধ্যে) অথবা সিজিপিএ ন্যূনতম ২.৫০ (৫.০০ এর মধ্যে) অথবা সমতুল্য থাকতে হবে। খ) কম্পিউটার ও অফিসিয়াল যন্ত্রাংশ সমূহ পরিচালনার অভিজ্ঞতাসহ গণিতে পারদর্শী হতে হবে। গ) প্রার্থীকে বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) প্রার্থীর ন্যূনতম গ্রহণযোগ্য পারিবারিক সচ্ছলতা ও উত্তম পারিবারিক ঐতিহ্য থাকতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক সচ্ছলতা ও ঐতিহ্য সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে। ঙ) গ্রাহকের সাথে বিনয়ী ও প্রফুল্ল আচার আচরণ প্রকাশের ক্ষমতা থাকতে হবে। চ) নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/= (দশ হাজার) টাকা সমিতির ক্যাশ শাখায় নিরাপত্তা জামানত জমা দিতে হবে। যা সন্তোষজনক চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরৎ প্রদান করা হবে।
০২	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)		পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০/= হতে ৩২,৭৪০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা সিজিপিএ ন্যূনতম ২.২৫ (৪.০০ এর মধ্যে) অথবা সিজিপিএ ন্যূনতম ২.৫০ (৫.০০ এর মধ্যে) অথবা সমতুল্য থাকতে হবে। খ) ওয়ার্ড প্রসেসিং এ পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। গ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণ সহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। নথিকরণ, যোগাযোগ ও তথ্য সংরক্ষণ সম্পর্কে সঠিক জ্ঞান থাকতে হবে। ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে। চ) সুন্দর ও মনোরম কাজ করার ক্ষমতা থাকতে হবে।
০৩	অফিস সহায়ক		পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৫,৫০০/= হতে ২৭,৮৫০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	(ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পাশ হতে হবে। (খ) প্রার্থীকে অবশ্যই সং, বিস্কৃত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। (গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তি সম্পন্ন হতে হবে। (ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।

- ০১। আবেদনকারীগণকে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (www.pbs.habiganj.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ফরম নং-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২২/০৯/২০১৯খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।
- ০২। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ (প্রযোজ্য ক্ষেত্রে), বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব স্যালারী প্যাটার্ন এর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা যেতে পারে।
- ০৩। বর্ণিত পদে নিয়োগ লাভে অগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট ও প্রসংশাপত্র গ্রহণযোগ্য নয়), জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের রঙিন ছবি (০১ কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে ও ০১ কপি ছবি প্রবেশপত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দ্বারা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে), ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদ ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নাম সম্বলিত সীল দ্বারা সকল কাগজ ও ছবি সত্যায়িত হতে হবে) এবং হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রেসড পোস্টাল অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথভাবে পালন করা হবে। সে ক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এবং প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন/জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়নপত্রের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৫। অন্য কোন সংস্থা হতে অপসারিত/বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও যেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৬। প্রভারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। স্বামের উপর প্রার্থীত পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে স্বামের উপর তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৮। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৯। অত্র পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।
- ১০। জেলা কোটার প্রাপ্যতা না থাকায় মানিকগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, জামালপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, বাম্পরবন, ব্রাহ্মনবাড়ীয়া, ফেনী, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, লাঙ্গলনিরহাট, মাগুরা, মেহেরপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করার প্রয়োজন নাই।
- ১১। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।
- ১২। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস বা সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।
- ১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ১৪। অসম্পূর্ণ এবং ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

সিনিয়র জেনারেল ম্যানেজার
হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি